14

দৈনিক বাংলা

তারিখ ···2·8 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৪

# ছাত্রদের যথাযথ শিক্ষা দিন ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস ছাত্রদের গড়ে ওঠার সময় প্রয়োজনীয় শিক্ষা ও দিকনির্দেশ দিয়ে যথাযথভাবে গড়ে তুলতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। খবর বাসস'র।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরকে দেশের ভবিষ্যৎ নাগরিক গড়ার মূল স্থপতি হিসাবে বর্ণনা করে প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, ছাত্রদের শিক্ষার প্রতি আগ্রহ ও মানসিক প্রস্তুতি গড়ার প্রাথমিক পর্যায় হচ্ছে প্রাথমিক বিদ্যালয়। তিনি বলেন, রাষ্ট্রের ভবিষ্যৎ নাগরিকদের পরিচালনার ক্ষেত্রে আপনাদের বিরাট দায়িত্ব রয়েছে।

কেন্দ্রীয় ও বরিশাল বিভাগীয় সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির ৭০ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে রোববার বঙ্গভবনে আলাপকালে প্রেসিডেন্ট বিশ্বাস একথা বলেন। সমিতির সভাপতি মোশাররফ হোসেনের নেতৃত্বে এই প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে সমিতির উপদেষ্টা মোশাররফ হোসেন মঙ্গু এমপি; কেন্দ্রীয় কমিটির প্রতিনিধি এবং অন্যান্য বিভাগের নেতৃপর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বরিশাল সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মোশাররফ হোসেন এবং ঢাকার প্রতিনিধি এম এম ফরহাদ হোসেনও বক্তৃতা করেন। তারা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করতে শিক্ষকদের পক্ষ থেকে সর্বপ্রকার সমর্থনের আশ্বাস দেন।

এর আগে তারা নয় দফা দাবী সংবলিত একটি স্মারকলিপি প্রেসিডেন্টের কাছে উত্থাপন করেন। দাবীগুলোর মধ্যে রয়েছে প্রধান শিক্ষকদের জন্য উচ্চতর বেতন স্কেল, তাদের পদোন্নতির সুযোগ বৃদ্ধি এবং প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা।